
দৈনিক
ইত্তেফাক

তারিখ .. 30 APR 2017 ..
পৃষ্ঠা ........ কলাম ........



ধামরাই (ঢাকা) : কাতার সরকারের অর্থে নির্মিত সুরম্য বরাটিয়া প্রি ক্যাডেট দাখিল মাদ্রাসা —ইত্তেফাক

# ধামরাইয়ের পল্লিতে গড়ে উঠেছে বিশাল দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান

■ মিজানুর রহমান, ধামরাই (ঢাকা) সংবাদদাতা

জেলায় ধামরাই উপজেলার নিভৃত পল্লিতে গড়ে উঠেছে বিশাল এক দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান। উপজেলার সূতিপাড়া ইউনিয়নের বরাটিয়া গ্রামের বিস্তীর্ণ এলাকাজুড়ে কাতারের অর্থে নির্মিত ইসলামী শিক্ষার এই প্রতিষ্ঠানের সুবিশাল ছয়তলা ভবন দুটি শিগগিরই উদ্বোধন হবে। দর্শনীয় এই বিশাল দুটি ভবনের একটিতে লেখা আছে: 'বরাটিয়া আলহাজ মাওলানা ইয়াছিন প্রি-ক্যাডেট দাখিল মাদ্রাসা'। অপর ভবনের নামফলকে লেখা আছে: 'কাতার চ্যারিটি এতিম ভবন'।

নিভৃত পল্লির নিঝুম পরিবেশে এমন বিশাল একটি দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার বিষয়টি প্রশংসনীয় এবং অবাক করে দেওয়ার মতো। প্রতিষ্ঠানটি তত্ত্বাবধানে নিয়োজিত গোলাম মোস্তফা সাংবাদিকদের জানান, 'বরাটিয়া আলহাজ্ব মাওলানা ইয়াছিন প্রি-ক্যাডেট দাখিল মাদ্রাসা' ভবনটি নির্মাণ করা হয়েছে স্থানীয় ছাত্র-ছাত্রীদের ইসলামী শিক্ষার জন্য। এখানে বর্তমানে প্রায় তিনশ' ছেলে-মেয়ে পড়াশুনা করছে। অপর ভবনটি নির্মাণ করা হয়েছে বিভিন্ন এলাকার এতিমদের থাকা, খাওয়া ও ইসলামী শিক্ষার জন্য। তিনি আরো জানান, মাদ্রাসায় পাঁচশ' ছাত্র-ছাত্রী লেখাপড়া করতে পারবে এবং এতিমখানায় পাঁচশ ছাত্র-ছাত্রীর লেখাপড়া ও থাকা-খাওয়ার ব্যবস্থা হবে। তবে ভবন দুটির নির্মাণ ব্যয় সম্পর্কে তিনি কিছু বলতে পারেননি। তিনি বলেন, শিগগিরই ভবন দুটি উদ্বোধন করা হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............................
তারিখ..................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর